

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের খুলনা বিভাগের বাজার তদারকি :
বিভিন্ন অপরাধে ১১টি প্রতিষ্ঠানকে ৫৮,৫০০/- টাকা জরিমানা

খুলনা, ১৩ নভেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ।

বাণিজ্য মন্ত্রণালয়স্বত্বাধীন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের খুলনা বিভাগীয় এবং বিভিন্ন জেলা কার্যালয়ের সমন্বয়ে আজ পরিদর্শনমূলক বাজার অভিযান খুলনা জেলার রূপসা উপজেলায় সিংহের চর এলাকায় পরিচালিত হয়।

খুলনার রূপসা উপজেলায় সিংহের চর এলাকায় ওজন-পরিমাপে কারচুপি এবং নোংরা, অস্বাস্থ্যকর পরিবেশে লবন প্যাকেটজাতকরণ ও সংরক্ষণ করায় পূর্বী সল্ট ইন্ডাস্ট্রি লিঃ -কে বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোঃ নাজমুল হাসান ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থায় ২০,০০০/-, জরিমানা আরোপ ও আদায় করেন।


এবং রূপসা উপজেলায় সিংহের চর এলাকায় ওজন-পরিমাপে কারচুপি করার অপরাধে রমনা সল্ট রিফাইনারি ইন্ডাস্ট্রিজ লিঃ-কে জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব শিকদার শাহীনুর আলম ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থায় ১০,০০০/-টাকাসহ মোট ৩০,০০০/- জরিমানা আরোপ ও আদায় করেন।

এছাড়াও

মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক কর্তৃক ০৪ টি প্রতিষ্ঠানকে ৪,০০০/-,
ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক কর্তৃক ০২ টি প্রতিষ্ঠানকে ৩,৫০০/-,
চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক কর্তৃক ০৩ টি প্রতিষ্ঠানকে ২১,০০০/-
সহ মোট - ৫৮,৫০০/- (আটান্ন হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের অভিযানে সর্বমোট আদায়কৃত জরিমানার পরিমাণ = ৫৮,৫০০/- (আটান্ন হাজার পাঁচশত) টাকা।

জরিমানার অর্থ তাৎক্ষণিকভাবে অভিযুক্ত প্রতিষ্ঠানগুলি স্বেচ্ছায় পরিশোধ করেন। অভিযান পরিচালনাকালে ব্যবসায়ী এবং উপস্থিত জনসাধারণের মাঝে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯-এর লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয় এবং সকলকে ভোক্তা-অধিকার বিরোধী কার্যাবলী হতে বিরত থাকার অনুরোধ করা হয়। অভিযানে সার্বিক সহায়তা ছিলেন কনজুমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব), খুলনা-এর প্রতিনিধি এবং নিরাপত্তায় ছিলেন এপিবিএন, খুলনা-এর সদস্যবৃন্দ।


মোঃ নাজমুল হাসান
সহকারী পরিচালক
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
বিভাগীয় কার্যালয়, খুলনা।